আজ কিছুতেই যায় না মনের ভার,
দিনের আকাশ মেঘে অন্ধকার— হায় রে ॥
    মনে ছিল আসবে বুঝি,   আমায় সে কি পায় নি খুঁজি—
    না-বলা তার কথাখানি জাগায় হাহাকার ॥
সজল হাওয়ায় বারে বারে
সারা আকাশ ডাকে তারে ।
    বাদল-দিনের দীর্ঘশ্বাসে   জানায় আমায় ফিরবে না সে—
    বুক ভরে সে নিয়ে গেল বিফল অভিসার ॥

---

Parjaay: Prakriti / Borsha, Taal: Kaharwa, Raag: Pilu-Multan
Visit www.geetabitan.com for notation and other detail